সাকিবের রেকর্ড কেড়ে নেওয়ার অপেক্ষায় লিটন

এশিয়া কাপে আজ বাংলাদেশের প্রতিপক্ষ শ্রীলঙ্কা। দলটার বিপক্ষে কঠিন এক পরীক্ষা অপেক্ষা করছে দলের জন্য। তবে এই ম্যাচে বাড়তি নজর লিটন দাসের ওপরও থাকবে। দারুণ ছন্দে থাকা লিটন যে আজ সাকিব আল হাসানের রেকর্ড কেড়ে নেওয়ার অপেক্ষায় আছেন!

শ্রীলঙ্কার বিপক্ষে লিটনের পারফর্ম্যান্সের ইতিহাস অবশ্য তার ক্যারিয়ার গড় মেনেই এগিয়েছে। তবে দলটার বিপক্ষে এই লড়াই তার মনে বাড়তি সুখস্মৃতি দিতে পারে এই কারণে যে, এই দলের বিপক্ষেই যে সঞ্জীবনী সুধার দেখা পেয়েছিলেন লিটন।

পূর্ণ মেয়াদে অধিনায়কত্ব পেয়ে দল জয় পাচ্ছিল না, তার ব্যাটও হাসছিল না। একেবারে যে হাসছিল না, তা নয়। সংযুক্ত আরব আমিরাতের বিপক্ষে একটা চল্লিশোর্ধ্ব ইনিংস ছিল, কিন্তু তাতে তার অ্যাপ্রোচ আর স্ট্রাইক রেট নিয়ে প্রশ্ন উঠে যাচ্ছিল। তার সঙ্গে পরের ইনিংসেই মুখ থুবড়ে পড়া জানান দিচ্ছিল, তিনি ঠিক ছন্দে ফেরেননি। পাকিস্তানের বিপক্ষে ইনিংসটা সেসব দোষে দুষ্ট ছিল না, তবে তাতেও দলও খুব একটা উপকৃত হয়নি, আমিরাত ম্যাচের মতো হারই জুটেছে কপালে।

লিটনের সেই বিধ্বংসী রূপের দেখা মিলল শ্রীলঙ্কার মাটিতে। ক্যারিয়ারের দ্বিতীয় সর্বোচ্চ ৭৬ রানের একটা ইনিংস খেললেন ৫০ বল খেলে। বাংলাদেশও ৬ ম্যাচের জয়খরা কাটাল ওই রাতেই। সে রাতেই হয়তো লিটন অনুচ্চারে বলে উঠলেন, ‘আমি সহসা আমারে চিনেছি, আমার খুলিয়া গিয়াছে সব বাঁধ’! হয়তো বাংলাদেশও!

এরপর পাকিস্তান সিরিজটা ভালো কাটেনি লিটনের, তবে তখন মিরপুরের ওই উইকেট নিয়ে আলোচনাও কিন্তু কম হয়নি! সিলেটে পা রাখতেই অন্য লিটনের দেখা মিলল। নেদারল্যান্ডসের বিপক্ষে করলেন ৫৪*, ১৮* আর ৭৩।

সেটা টেনে নিয়ে এলেন এশিয়া কাপেও। দল যখন হংকংয়ের বিপক্ষে বিপদের গন্ধ পাচ্ছিল, ঠিক তখন ৩৯ বলে ৫৯ রানের ইনিংস খেললেন। দলকে জয়ের খুব কাছাকাছি নিয়ে গিয়ে তবেই ফিরলেন। এই সবকিছুর শুরু যে শ্রীলঙ্কার বিপক্ষে খেলে হয়েছিল, সেই শ্রীলঙ্কার সামনেই আজ লিটন।

এই ম্যাচের আগে তাই তার ওপরই নজর সবার।

লিটন চলতি বছরে দারুণ ছন্দে আছেন, সেটা বুঝতেই পারছেন। ২০২৫ সালে তিনি রান করেছেন ৪৭৬, স্ট্রাইক রেটটাও বেশ ভালো, ১৩৬.১৭। টেস্ট খেলুড়ে দলগুলোর ভেতরে তার চেয়ে বেশি টি-টোয়েন্টি রান নেই আর কারও। শেষ চার ইনিংসে তার ছন্দটা আরও ভালো চোখে পড়ছে। এই সময়ে তিনি একবারও পঞ্চাশের আগে আউট হননি।

আজও যদি ধারাটা ধরে রাখতে পারেন, তাহলে একটা রেকর্ড অপেক্ষা করছে তার জন্য। বর্তমানে তার রান ২৪৯৬। আর মাত্র ৫৬ রান করলে তিনি ভেঙে দেবেন সাকিব আল হাসানের এক রেকর্ড। এখন পর্যন্ত ২৫৫১ রান নিয়ে বাংলাদেশের সর্বোচ্চ টি-টোয়েন্টি রান সাকিবের। ছন্দ ধরে রাখতে পারলে সে রেকর্ডটা আজই ভেঙে দিতে পারেন লিটন।

শেষ কিছু দিনে তিনি বাংলাদেশের টি-টোয়েন্টি ব্যাটিংয়ের মেরুদণ্ডই বনে গেছেন। তিনি রান করছেন মানেই যেন বাংলাদেশ হাসছে। সেই তিনি আজ শ্রীলঙ্কার বিপক্ষে সাকিবের রেকর্ডটা ভাঙুন আর নাই ভাঙুন, তার কাছে নিশ্চয়ই বড় কিছুর আশা নিয়ে বসে থাকবে দল, তা একরকম নিশ্চিত।

এশিয়া কাপ হকির দল ঘোষণা করল বাংলাদেশ

এশিয়া কাপ হকিতে খেলার কথা ছিল না বাংলাদেশের। নিরাপত্তার কারণে পাকিস্তান ভারতে যেতে না চাওয়ায় খেলার সুযোগ পেয়েছে বাংলাদেশ। ভারতের রাজগিরিতে হতে যাওয়া টুর্নামেন্টকে সামনে রেখে আজ দল ঘোষণা করেছে বাংলাদেশ হকি ফেডারেশন।

এশিয়া কাপের স্কোয়াডে জায়গা হয়নি চার অভিজ্ঞ খেলোয়াড়ের।

তারা হলেন পুস্কর খিসা মিমো, মঈনুল ইসলাম কৌশিক, নাঈম উদ্দিন ও আবেদ উদ্দিন। তাদের বাদ পড়ার দিনে ১৮ সদস্যের দলে প্রথমবার সুযোগ পেয়েছেন তৈয়ব আলি, মেহেদী হাসান, তানভির রহমান ও

মোহাম্মদ আবদুল্লাহ।
আগামী ২৯ আগস্ট শুরু হতে যাওয়া টুর্নামেন্টে বাংলাদেশকে নেতৃত্ব দেবেন রেজাউল করিম। ১২তম এশিয়ান কাপ হকির আসরের উদ্বোধনী দিনে মালয়েশিয়ার বিপক্ষে মাঠে নামবে বাংলাদেশ।

৩০ আগস্ট দ্বিতীয় ম্যাচে বাংলাদেশের প্রতিপক্ষ চাইনিজ তাইপে। আর টুর্নামেন্টের ডিফেন্ডিং চ্যাম্পিয়ন দক্ষিণ কোরিয়ার বিপক্ষে গ্রুপ ‘বি’-র শেষ ম্যাচ খেলবে বাংলাদেশ। ম্যাচটি ১ সেপ্টেম্বর।

বাংলাদেশের স্কোয়াড—হুজাইফা হোসেন, রেজাউল করিম (অধিনায়ক), সোহানুর রহমান, ফরহাদ আহমেদ, আশরাফুল ইসলাম, আমিরুল ইসলাম, মেহেদী হাসান, আল নাহিয়ান, রোমান সরকার, ফজলে হোসেন, তৈয়ব আলী, তানভির রহমান, রাকিবুল হাসান, মো. আব্দুল্লাহ, আরশাদ হোসেন, ওবায়দুল হোসেন, বিপ্লব কুজুর, নুরুজ্জামান নয়ন।